

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ১৩৫৪

১৫/ বিধি-বিধান ও বিচার (كتاب الأحكام عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ উমরা বা আজীবনের জন্য কিছু দান করা।

باب مَا جَاءَ فِي الْعُمَرَى

আরবী

حَدَّثَنَا الْأَنْصَارِيُّ، حَدَّثَنَا مَعْنٌ، حَدَّثَنَا مَالِكٌ، عَنْ ابْنِ شِهَابٍ، عَنْ أَبِي سَلَمَةَ، عَنْ جَابِرٍ، أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ " أَيُّمَا رَجُلٍ أُعْمِرَ عُمَرَى لَهُ وَلِعَقِبِهِ فَإِنَّهَا لِلَّذِي يُعْطَاهَا لَا تَرْجِعُ إِلَى الَّذِي أُعْطَاهَا لِأَنَّهُ أُعْطِيَ عَطَاءً وَقَعَتْ فِيهِ الْمَوَارِيثُ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَهَكَذَا رَوَى مَعْمَرٌ وَغَيْرُ وَاحِدٍ عَنِ الزُّهْرِيِّ مِثْلَ رِوَايَةِ مَالِكٍ . وَرَوَى بَعْضُهُمْ عَنِ الزُّهْرِيِّ وَلَمْ يَذْكُرْ فِيهِ " وَلِعَقِبِهِ " . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ بَعْضِ أَهْلِ الْعِلْمِ قَالُوا إِذَا قَالَ هِيَ لَكَ حَيَاتِكَ وَلِعَقِبِكَ . فَإِنَّهَا لِمَنْ أُعْمِرَهَا لَا تَرْجِعُ إِلَى الْأَوَّلِ . وَإِذَا لَمْ يَقُلْ لِعَقِبِكَ فَهِيَ رَاجِعَةٌ إِلَى الْأَوَّلِ إِذَا مَاتَ الْمُعْمَرُ . وَهُوَ قَوْلُ مَالِكٍ بَنِ أَنْسٍ وَالشَّافِعِيِّ . وَرَوَى مِنْ غَيْرِ وَجْهِ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ " الْعُمَرَى جَائِزَةٌ لِأَهْلِهَا " . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ بَعْضِ أَهْلِ الْعِلْمِ قَالُوا إِذَا مَاتَ الْمُعْمَرُ فَهِيَ لَوَرَثَتِهِ وَإِنْ لَمْ تُجْعَلْ لِعَقِبِهِ . وَهُوَ قَوْلُ سُفْيَانَ الثَّوْرِيِّ وَأَحْمَدَ وَإِسْحَاقَ .

বাংলা

১৩৫৪. আল আনসারী (রহঃ) জাবির ইবনু আবদুল্লাহ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, কাউকে "উমরা" হিসাবে কোন বস্তু দেওয়া হলে তা তার এবং তার উত্তরাধিকারীদের জন্য। তা তার জন্যই হবে যাকে তা দেয়া হয়েছে, যে দান করেছে তা আর তার কাছে প্রাপ্যপিত হবে না। কেননা সে এমন দান করেছে যাতে গ্রহিতার উত্তরাধিকার স্বত্ব প্রতিষ্ঠিত হয়ে গেছে। - ইবনু মাজাহ ২৩৮০, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ১৩৫০ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবু ইসা (রহঃ) বলেন, এই হাদীসটি হাসান-সহীহ। মা'মার (রহঃ) প্রমুখ এটিকে যুহরী (রহঃ) থেকে মালিক (রহঃ) এর অনুরূপ বর্ণনা করেছেন। আর কেউ কেউ এটিকে যুহরী থেকে রিওয়ায়েতে করেছেন। তবে এতে **وَلِعَقِبِهِ** (তার উত্তরাধিকারীদের জন্য) শব্দটির উল্লেখ করেননি। কতক আলিম এতদনুসারে আমল করেছেন।

তারা বলেন, যদি বলে, "এই বস্তুটি তোমরা জীবদ্দশায় তোমার জন্য এবং তোমার উত্তরাধিকারীদের জন্য তবে তা যাকে প্রদত্ত হয়েছে তার জন্যই হবে, প্রথম জন অর্থাৎ দাতার কাছে আর প্রত্যর্পিত হবে না। আর যদি **لِعَقْبِكَ** "তোমার উত্তরাধিকারীদের জন্য" কথাটি না বলে তবে "উমরা" হিসাবে যাকে দেওয়া হয়েছে তার মৃত্যুর পর বস্তুটি প্রথম জন অর্থাৎ দাতার কাছে প্রত্যর্পিত হবে। এ হল মালিক ইবনু আনাস ও শাফিঈ (রহঃ)-এর অভিমত। একাধিক সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত আছে যে তিনি বলেছেন, উমরা তার অধিকারীর জন্য জায়েয। কতক আলিম এতদনুসারে আমল করেছেন। তারা বলেন, যাকে উমরা হিসাবে দান করা হয় সে মারা গেলে তা তার ওয়ারিছের জন্য, যদিও সে "তার ওয়ারিছের জন্য" না বলে থাকে। এ হল ইমাম সুফিয়ান ছাওরী, আহমাদ ও ইসহাক (রহঃ)-এর অভিমত।

English

Jabir narrated that the Prophet (ﷺ) said:

"Whichever man is given a lifelong gift for himself and his offspring, then it belongs to the one whom it was given, it does not return to the one who gave it, for he has given a gift which shall be included in the inheritance."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=21772>

📖 হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন